# ২০২৩
# বাংলা
(অনার্স)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোড : BNGH-CC-T-7

(প্রবন্ধ নিবন্ধের রূপভেদ, জীবনী, প্রবন্ধ পাঠ)

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘণ্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) প্রবন্ধ-এর সংজ্ঞাসহ দুটি বৈশিষ্ট্য লেখো।

খ) পত্রসাহিত্য বলতে কী বোঝায়? উদাহরণ দাও।

গ) রম্যরচনার দুটি উদাহরণ লেখো।

ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত দুটি ভ্রমণসাহিত্যের নাম লেখো।

ঙ) বাংলা ভাষায় রচিত দুটি সার্থক জীবনীসাহিত্যের উদাহরণ দাও।

চ) প্রথম ডায়েরী লেখা কবে শুরু হয় এবং লেখক কে?

ছ) 'আমার জীবন' গ্রন্থটির প্রস্তাবনা অংশটি কে কবে লেখেন?

(পরের পাতায়)

জ) 'আমি ঐ কড়ি আনিয়া নানাবিধ জিনিস তৈয়ার করিতে আরম্ভ করিলাম।' — কে কড়ি দিয়ে কী কী জিনিস বানিয়েছিলেন?

ঝ) 'আমার জীবন' গ্রন্থটির প্রথম ভাগ ও দ্বিতীয় ভাগ-এ কতগুলি রচনা লিপিবদ্ধ হয়েছে?

ঞ) 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থটির প্রবন্ধগুলি কোন পত্রিকায় কবে প্রথম প্রকাশিত হয়?

ট) 'সেইখানে আমার মন পড়িয়া থাকিত।' — কোনখানে কার মন পড়ে থাকত?

ঠ) 'আমার মন' প্রবন্ধের কয়টি অংশ ও কী কী?

ড) 'এক্ষণে কালগর্ভে নিহিতা।' — কে কখন কালগর্ভে নিহিত?

ঢ) 'সদ্য গাছ হইতে পাড়িয়া এ ফল খাইতে নাই' — কোন গ্রন্থে কোন ফলের কথা বলা হয়েছে?

ণ) 'অনাহারে মরিবার জন্যে পৃথিবীতে কেহ আসে নাই।' — কোথায় কেন মন্তব্যটি করা হয়েছে?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) ব্যক্তিগত প্রবন্ধ ও বস্তুগত প্রবন্ধের পার্থক্যগুলি উদাহরণসহ লেখো।

খ) জীবনীসাহিত্যের সংজ্ঞা ও বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

গ) 'আমার জীবন' গ্রন্থে লেখিকার জীবনে শিক্ষার জন্য আগ্রহ এবং ধর্মভাব কীভাবে সম্পৃক্ত তা আলোচনা করো।

ঘ) 'আমার জীবন' গ্রন্থে রাসসুন্দরী দেবীর জীবন অবলম্বনে তৎকালীন নারীসমাজের চিত্র বর্ণনা করো।



ঙ) 'একা' প্রবন্ধে লেখক যে একাকীত্বের যন্ত্রণা ব্যক্ত করেছেন তা আলোচনা করো।

চ) 'পরিহাসের আবরণে সুগভীর তত্ত্ব পরিবেশন-ই কমলাকান্তের আসল উদ্দেশ্য' — 'আমার মন' প্রবন্ধ অবলম্বনে তার পরিচয় দাও।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'আমার জীবন' গ্রন্থে বিধৃত সমাজ বাস্তবতার পরিচয় দাও।

খ) রম্যরচনা বলতে কী বোঝায়? একটি সার্থক রম্যরচনা উদাহরণসহ বিশ্লেষণ করো।

গ) 'ডায়েরী' বলতে কী বোঝ? ডায়েরীধর্মী রচনার বিশেষত্ব লেখো। যে-কোনো একটি ডায়েরীধর্মী রচনার আলোকে ব্যাখ্যা করো। ২+৪+৪=১০

ঘ) 'মনুষ্যফল' প্রবন্ধের নামকরণের সার্থকতা বিচার করো।

———